# মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা ২০১৭

মন্ত্রিপরিষদ বিভাগ

সাধারণ অধিশাখা

গবেষণায় আগ্রহী মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণকে দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ের ওপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণালব্ধ জ্ঞান নীতিনির্ধারণী ক্ষেত্রে নীতি-উপাত্ত (Policy Input) হিসাবে সরবরাহের নিমিত্ত এই নির্দেশিকা প্রণয়ন করা হইল।

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

(১) এই নির্দেশিকা 'মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা ২০১৭' নামে অভিহিত হইবে।

(২) এই নির্দেশিকা কেবল মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা:**

(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশকায়-

(ক) 'গবেষক' বলিতে গবেষণার উদ্দেশ্যে মনোনীত মন্ত্রিপরিষদ বিভাগের যে কোন প্রথম শ্রেণির কর্মকর্তাকে বুঝাইবে।

(খ) 'কমিটি' অর্থ গবেষণা ব্যবস্থাপনা কমিটি।

(গ) 'গবেষণার সময় বা মেয়াদ' বলিতে অর্থবছর (০১ জুলাই- ৩০ জুন)-কে বুঝাইবে।

(ঘ) 'অনুমোদনকারী কর্তৃপক্ষ' অর্থ মন্ত্রিপরিষদ সচিব অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত/মনোনীত কর্মকর্তা।

**৩। গবেষণার উদ্দেশ্য:**

গবেষণার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের প্রথম শ্রেণির কর্মকর্তাগণের বিষয়ভিত্তিক জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করা;

(খ) গবেষণা কার্যক্রমের মাধ্যমে নীতি নির্ধারণী ক্ষেত্রে সঠিক ও সময়োপযোগী তথ্য-উপাত্ত (input) সরবরাহ করা।

**৪। গবেষণার পরিধি:**

ক) দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু/সমস্যা;

খ) মন্ত্রিপরিষদ বিভাগের কাজের সঙ্গে সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়;

গ) কর্তৃপক্ষের কোনো নির্দেশনা থাকিলে অনুরূপ বিষয়/বিষয়সমূহ;

ঘ) সাম্প্রতিককালে দেশীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে আলোচিত বিষয়/বিষয়সমূহ; এবং

ঙ) দেশীয়/আন্তর্জাতিক সংস্থার অনুরোধে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যে কোনো বিষয়।

**৫। গবেষণা টিম:**

এককভাবে কোনো গবেষণা কার্যক্রম পরিচালিত হইবে না। ন্যূনতম তিন জন এবং সর্বোচ্চ পাঁচ জনের টিম গবেষণা কার্য পরিচালনা করিবে।

**৬। গবেষণা ব্যবস্থাপনা কমিটি:**

(১) গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | |
|---|---|
| (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ | -আহ্বায়ক |
| (খ) অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (গ) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (বিধি ও সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (ঘ) যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (ঙ) উপসচিব (পরিকল্পনা ও বাজেট), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (চ) উপসচিব (প্রশাসনিক সংস্কার ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (ছ) উপসচিব (সাধারণ), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |

(২) কমিটির কার্যপরিধি:

(ক) গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও বাছাই করা;

(খ) গবেষণা প্রস্তাবের বিষয়ে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মতামত/সুপারিশ প্রদান;

(গ) গবেষণা প্রকল্পসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন;

(ঘ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও অর্থ ছাড়ের সুপারিশ;

(ঙ) গবেষণা প্রতিবেদনের ওপর মতামত প্রদান।

(৩) কমিটির সদস্যগণের সম্মানি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারণ করা যাইবে। ইহা মন্ত্রিপরিষদ বিভাগের বাজেটের গবেষণা খাত হইতে মিটানো হইবে।

(৪) মন্ত্রিপরিষদ সচিবের অনুমোদনক্রমে কমিটি প্রয়োজনবোধে বিষয়-সংশ্লিষ্ট মন্ত্রিপরিষদ বিভাগের যে কোনো কর্মকর্তা অথবা মন্ত্রিপরিষদ বিভাগ-বহির্ভুত যে কোনো উপযুক্ত ব্যক্তিকে বিশেষজ্ঞ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

**৭। গবেষণা প্রস্তাব অনুমোদন:**

(ক) গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব মন্ত্রিপরিষদ সচিব চূড়ান্ত অনুমোদন করিবেন।

(খ) গবেষণা প্রতিবেদন মুদ্রিত আকারে প্রকাশের বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবেন।

(গ) কোনো অর্থ-বৎসরে উপযুক্ত কোনো গবেষণা প্রস্তাব পাওয়া না গেলে কর্তৃপক্ষ সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ কোনো বিষয়ের ওপর গবেষণা প্রস্তাব দাখিল ও পরিচালনার জন্য যে কোনো Thematic Group বা উপযুক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

৮। **গবেষণার ধরন**:

আর্থিক সংশ্লেষ বিবেচনায় দুই ধরনের গবেষণা প্রকল্প থাকিবে:

(১) ক শ্রেণি : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার উর্ধ্বের প্রাক্কলিত বাজেট সম্বলিত; এবং

(২) খ শ্রেণি : ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলিত বাজেট সম্বলিত।

উল্লেখ্য, গবেষণা প্রকল্পের আর্থিক পরিধি কর্তৃপক্ষ সময় সময়ে নির্ধারণ করিতে পারিবে।

৯। **গবেষণা প্রস্তাবে যে সকল বিষয়/অধ্যায় অন্তর্ভুক্ত থাকিবে:**

একটি গবেষণা প্রস্তাবে সাধারণভাবে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে:

(ক) ভূমিকা
(খ) গবেষণার সমস্যা (Research Problem/ Problem Statement)
(গ) গবেষণার প্রশ্ন (Research Question)
(ঘ) গবেষণার যৌক্তিকতা
(ঙ) গবেষণার উদ্দেশ্য
(চ) প্রত্যাশিত ফলাফল (Expected Results)
(ছ) গবেষণার উপকারভোগী
(জ) গবেষণার পরিধি
(ঝ) গবেষণা পদ্ধতি
(ঞ) বিশ্লেষণ/তথ্য-উপাত্ত উপস্থাপন পরিকল্পনা
(ট) গবেষক দলের নাম ও পরিচিতি
(ঠ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা
(ড) প্রস্তাবিত বাজেট

১০। **গবেষণা প্রকল্প নির্বাচন, অনুমোদন ও বাস্তবায়নের সময়সূচি:**

গবেষণা প্রস্তাব নির্বাচন ও অনুমোদনের জন্য নিম্নরূপ সময়সূচি অনুসরণ করা হইবে:

(ক) গবেষণা প্রস্তাব গ্রহণ : প্রতি বৎসর আগস্ট মাসের মধ্যে।
(খ) গবেষণা প্রস্তাব বাছাই ও সুপারিশ চূড়ান্তকরণ: সেপ্টেম্বর মাসের মধ্যে।
(গ) গবেষণা প্রস্তাব অনুমোদন: ১৫ অক্টোবরের মধ্যে।
(ঘ) গবেষণা টিম কর্তৃক গবেষণা পরিচালনা: ৩১ মার্চ পর্যন্ত।
(ঙ) খসড়া ফলাফলসহ সেমিনার আয়োজন : ১৫ এপ্রিলের মধ্যে।
(চ) চূড়ান্ত প্রতিবেদন দাখিল : ৩০ এপ্রিলের মধ্যে।
(ছ) হিসাবরক্ষণ শাখায় হিসাব দাখিল: ১৫ মে'র মধ্যে।
(জ) উপরোক্ত সময়সীমা কর্তৃপক্ষ প্রয়োজনে হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

১১। আর্থিক ব্যবস্থাপনা:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্ব বাজেটের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হইতে এই গবেষণা কার্য পরিচালিত হইবে।

(খ) গবেষণা টিম-সহ অন্যান্য সদস্যের সম্মানি বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশের বেশি হইবে না। সরাসরি সম্মানি দেওয়া যাইবে, অথবা সিটিং এলাউন্স-এর মাধ্যমে হাজিরা অনুসারে দিনভিত্তিতে সম্মানি দেওয়া যাইবে।

(গ) হিসাব নিরীক্ষাকালে কোনো আপত্তি উত্থাপিত হইলে উক্ত আপত্তি নিষ্পত্তির দায় সম্মিলিতভাবে গবেষণা টিমের উপর বর্তাইবে।

(ঘ) গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ গবেষণা টিম দুই কিস্তিতে উত্তোলন করিতে পারিবে।

(ঙ) প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করিয়া গবেষণা সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করতে হইবে।

(চ) মোট বরাদ্দের সর্বোচ্চ ৩% বই-জার্নাল ক্রয়ে ব্যয় করা যাইবে এবং গবেষণা শেষে ক্রয়কৃত বই-জার্নালসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের লাইব্রেরিতে জমা করিতে হইবে।

(ছ) গবেষণা টিমের দলনেতার অনুকূলে অর্থ ছাড় করা যাইবে।

(জ) গবেষণা বাস্তবায়নের জন্য গবেষণা টিমের সদস্যগণের ভ্রমণকালকে দাপ্তরিক কাজ হিসাবে গণ্য করা হইবে। তবে এ সংক্রান্ত সকল ব্যয় অনুমোদিত গবেষণা বরাদ্দ হইতে নির্বাহ করিতে হইবে।

১১। বিবিধ:

(ক) প্রত্যেক গবেষণা টিমের জ্যেষ্ঠ কর্মকর্তা ঐ টিমের দলনেতা হইবেন।

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো গবেষণা টিম অপারগতা প্রকাশ করিলে পরবর্তী দুই অর্থবছর তাহারা কোনো গবেষণা প্রস্তাব দাখিল করিতে পারিবেন না।

(গ) গবেষণা টিমের সদস্যগণ নিজে অথবা আউটসোর্সিং-এর মাধ্যমে দিনভিত্তিতে তথ্য সংগ্রাহকের মাধ্যমে তথ্য সংগ্রহ করিতে পারিবেন। এইক্ষেত্রে দিনভিত্তিক সম্মানি প্রদান করা যাইবে।

(ঘ) গবেষণা টিম গবেষণা শেষে দশ কপি প্রতিবেদন সংশ্লিষ্ট অধিশাখা/শাখায় জমা দিবে।

(ঙ) গবেষণা টিমের কোনো সদস্য পরিবর্তন/সংযোজনের প্রয়োজন হইলে গবেষণা ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমোদন সাপেক্ষে উক্তরূপ পরিবর্তন/সংযোজন করা যাইবে।

(চ) গবেষণা টিম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য। কোনো টিমের প্রতিবেদনে Plagiarism প্রমাণিত হইলে ঐ টিমের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হইবেন।

(ছ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের Reference স্বীকৃত পদ্ধতিতে প্রদান করিতে হইবে।

(জ) গবেষণা চলাকালীন গবেষণা টিম প্রতি মাসে অগ্রগতি প্রতিবেদন কমিটির নিকট দাখিল করিবে।

(ঝ) গবেষণা চলাকালে গবেষণা টিমের সদস্যগণ প্রতিমাসে একবার সভায় মিলিত হইবেন। সভার কার্যবিবরণী নিয়মিত ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করিবে।

(ঞ) কোনো ব্যক্তি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কাউকে হেয় প্রতিপন্ন করে, এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ, বা প্রশ্নপত্র প্রণয়ন, কিংবা কাউকে পীড়া দেয়, এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক, ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাইবে না। গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করিতে হইবে।

(ট) সংগৃহীত তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে। প্রয়োজনীয় ক্ষেত্রে তথ্য প্রদানকারীর গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে।

(ঠ) গবেষণা টিমের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হইলে কর্তৃপক্ষ সেই বিষয়ে তদন্তক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।